



বাংলাদেশ কৃষি ব্যাংক  
প্রধান কার্যালয়, কৃষি ব্যাংক ভবন  
৮৩-৮৫ মতিঝিল বানিজ্যিক এলাকা, ঢাকা-১০০০।



ঝুঁকি ব্যবস্থাপনা বিভাগ

নং-প্রকা/আরএমডি-৩০/২০১৯-২০২০/২৬৪৮

তারিখঃ ২২.০৪.২০২০ ইং

- ০১। সকল বিভাগীয় মহাব্যবস্থাপক
- ০২। মহাব্যবস্থাপক, স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা
- ০৩। উপ-মহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ
- ০৪। সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক
- ০৫। সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক ও আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে), বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয় : বিশ্বব্যাপী নভেল করোনা ভাইরাস (COVID-19) এর প্রাদুর্ভাবে সুযোগে সম্প্রতি পরিলক্ষিত বিভিন্ন প্রত্যারণামূলক কার্যক্রমের বিষয়ে সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণ প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা এর বাংলাদেশ ফাইন্যান্সিয়াল ইন্সটিটিউট ইউনিট এর ২১ এপ্রিল, ২০২০ তারিখের জারীকৃত বিএফআইইউ((পলিসি)-০৫/২০২০ (কপি সংযুক্ত) এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। উপরোক্ত পত্র মোতাবেক বিশ্বব্যাপী নভেল করোনা ভাইরাস (COVID-19) এর প্রাদুর্ভাবের সুযোগে সম্প্রতি পরিলক্ষিত বিভিন্ন প্রত্যারণামূলক কার্যক্রমের বিষয়ে সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণ করার বিষয়ে নিম্নবর্ণিত নির্দেশনা প্রদান করা হলো:


আপনার অবগত আছেন যে, সম্প্রতি বিশ্বব্যাপী নভেল করোনা ভাইরাসের (COVID-19) প্রাদুর্ভাব ও ব্যাপক বিস্তারের ফলশ্রুতিতে বিভিন্ন দেশ ও স্থানে স্থানীয় ও আন্তর্জাতিক যোগাযোগ ব্যবস্থা ও সাধারণের চলাচল বন্ধ রয়েছে। এক্ষেত্রে দৈনন্দিন অতি জরুরী লেনদেনের প্রয়োজনে বাংলাদেশসহ বিভিন্ন দেশে সীমিত পরিসরে ব্যাংকিং পরিষেবা চালু রয়েছে। চলমান দুর্যোগময় পরিস্থিতিতে অসাধু চক্র বিভিন্ন ধরনের আর্থিক প্রত্যারণা ও জালিয়াতিমূলক কার্যক্রম পরিচালনা করেছে এবং এক্ষেত্রে ব্যাংকিং সেক্টরের মাধ্যমেও এধরনের কার্যক্রম পরিচালনার ঝুঁকি তৈরী হয়েছে। কোনো কোনো ক্ষেত্রে বর্তমান পরিস্থিতিতে সুইফট ও অন্যান্য নিয়মিত মাধ্যমে লেনদেন করা সম্ভব হচ্ছেনা মর্মে বিভিন্ন ধরনের ভুয়া অনুরোধপত্র প্রেরণের মাধ্যমে অর্থ স্থানান্তরের জন্য করেসপন্ডেন্ট ব্যাংকসমূহকে অর্থ স্থানান্তরের জন্য অনুরোধ করা হচ্ছে। এধরনের আর্থিক প্রত্যারণা বা জালিয়াতিমূলক কার্যক্রম হতে ব্যাংকের নিয়মিত লেনদেনের নিরাপত্তা রক্ষায় বিশেষ সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণ করা অত্যাাবশ্যিক।

বর্তমান চলমান পরিস্থিতিতে ব্যাংকের অভ্যন্তরীণ ও আন্তর্জাতিক লেনদেনকে সকল ধরনের আর্থিক প্রত্যারণা বা জালিয়াতিমূলক কর্মকাণ্ড হতে ঝুঁকিমুক্ত করার বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ ও সতর্কতা অবলম্বনের জন্য আপনাদেরকে বিশেষভাবে পরামর্শ প্রদান করা যাচ্ছে।

০৩। বিষয়টি বিবেচনার সকল শাখা ও মাঠ কার্যালয়ের সকলকে অবহিতকরণসহ প্রয়োজনীয় সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণ ও পরিপালনের জন্য নির্দেশনা প্রদান করা হলো।

অনুমোদনক্রমে-

সংযুক্তি : ০১ (এক) পাতা।

আপনার বিশ্বস্ত,  
  
২২/০৪/২০২০  
(পারতীন আক্তার)  
মহাব্যবস্থাপক  
(হিসাব ও আন্তর্জাতিক মহাবিভাগ)


ও  
প্রধান মানিলভারিং প্রতিরোধ পরিপালন কর্মকর্তা

নং-প্রকা/আরএমডি-৩০/২০১৯-২০২০/২৬৪৮(১২৫০)

তারিখঃ ২২.০৪.২০২০ ইং

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :-

- ০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়গণের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৪। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ০৫। সচিব/সকল উপ-মহাব্যবস্থাপক, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগকে উপরোক্ত পত্রটি বিকেবির ওয়েব-সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ০৬। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ০৭। নথি/মহানথি।

  
(মোঃ আকতার হোসেন)  
সহকারী মহাব্যবস্থাপক  
(বিভাগীয় দায়িত্বে)